

তারিখঃ ২৯-১০-২০২৫ খ্রি:

পত্র নং-৩৩.০২.০০০০.১২৪.২৫.০০১.২০- ৪৫২

অফিস আদেশ

মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৭ (২০০৮, ২০১৪ ও ২০১৭ সালে সংশোধিত) এর বিধি-৩ এর ক্ষমতাবলে মৎস্য অধিদপ্তরের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের উক্ত বিধিমালা অনুসারে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিধিসমূহের বিধানাবলী বাস্তবায়ন করার ক্ষমতা অর্পণ করা হলো:

- ক. বিধি-৪ (১) বাস্তবায়ন করার ক্ষেত্রে কেউ উক্ত বিধি লংঘন করলে বিধি-৪(২) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
- খ. বিধি-৪ এর উপ-বিধি (৩), (৪), (৫) এবং (৬) বাস্তবায়নের ক্ষমতা।
- গ. বিধি-৫ এর উপ-বিধি (২), (৩) ও (৪) বাস্তবায়নের ক্ষমতা।
- ঘ. বিধি-৫ এর উপ-বিধি (৭) ভংগ করলে উপ-বিধি (৮) অনুসারে এবং উপ-বিধি (১২) ভংগ করলে উপ-বিধি (১৫) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
- ঙ. বিধি-৬ অনুসারে মৎস্য চাষের ক্ষেত্রে তফসিল ১৭, অভ্যন্তরীণ বাজারে মৎস্য বাজারজাতকরার ক্ষেত্রে তফসিল-১৮, পরিবহনের ক্ষেত্রে তফসিল-৫, মৎস্য অবতরণ ক্ষেত্রে, সার্ভিস সেন্টার এবং মৎস্য আড়তের ক্ষেত্রে তফসিল-৬ ও ৭, বরফকলের ক্ষেত্রে তফসিল-৮ ও ১০ এর কার্যক্রম পরিচালনা।
- চ. বিধি-৯ উপ-বিধি (১) অনুসারে মাছ পরিবহনকারী যে কোন যান, মৎস্য চাষ খামার, হ্যাচারি, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার, আড়ত নিয়মিত পরিদর্শনকরণ এবং ৯(২) অনুযায়ী কার্যক্রম গ্রহণ।
- ছ. বিধি-৯ এর উপ-বিধি (৩) অনুসারে জরিমানা করার ক্ষমতা।
- জ. বিধি-১৪ ও ১৫ অনুসারে অভ্যন্তরীণ বাজারে মৎস্য সরবরাহ, রপ্তানির উদ্দেশ্যে কারখানা ও ডিপোতে মৎস্য সরবরাহ, নার্সারিতে পোনা চাষ, ঘেরে মৎস্য চাষ ও বরফ কলে বরফ উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের সুপারিশ করা।
- ঝ. বিধি-২০ এর উপ-বিধি (১) অনুসারে জরিমানার অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা।
- ঞ. বিধি-২১ এর উপ-বিধি (১) ও (২) বাস্তবায়নের ক্ষমতা।

০২। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ মৎস্যচাষ হতে শুরু করে হ্যাচারি, নার্সারি, ডিপো, আড়ত, মৎস্য সরবরাহকারী, বরফ কল এর কার্যক্রমসমূহ তদারকী ও বাস্তবায়ন করবেন এবং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সুযোগ সুবিধাসমূহ বিদ্যমান থাকলে সংশ্লিষ্ট উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ এর নিকট সুপারিশ প্রেরণ করবেন।

০৩। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণকে অর্পিত ক্ষমতা বাস্তবায়ন পরবর্তী অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের উপ-পরিচালকগণকে উক্ত প্রতিবেদন একীভূত করে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। এই আদেশ ১৭-০৯-২০২৫ খ্রি. তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য বলবৎ থাকবে।



ডে. মোঃ আবদুর রউফ

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর .....
- ২। উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, .....
- ৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা, .....
- ৫। সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা। অফিস আদেশটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জেলা প্রশাসক, .....
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, .....
- ৪। দপ্তর নথি।